১৬. শ্রমিকদের আয়ের প্রচুরক কত?

- ক) 350 খ) 250  
গ) 150 ঘ) 100

১৭. শ্রমিকদের আয়ের বিন্যাসটি গঠন প্রকৃতি কেমন হবে?

- ক) ধনাত্মক বন্ধিম খ) ঋণাত্মক বন্ধিম  
গ) অতি সূঁচাল ঘ) অনতি সূঁচাল

১৮. কালীন সারি নিচের কোনটির সাথে সম্পর্কিত?

- ক) উৎপাদন খ) ঋতু  
গ) অর্থনীতি ঘ) সময়

১৯. শীতকালে গরম কাপড়ের চাহিদা বেড়ে যায়। এটি কালীন সারির কোন উপাদানটি নির্দেশ করে?

- ক) সাধারণ ধারা খ) ঋতুগত ভেদ  
গ) চক্রক্রমিক ভেদ ঘ) অনিয়মিত ভেদ

২০. বাংলাদেশে কোন মাসে বাজেট পেশ করা হয়?

- ক) জানুয়ারি খ) জুন  
গ) জুলাই ঘ) ডিসেম্বর

২১. সাধারণ ধারা নির্ণয়ের পদ্ধতি কয়টি?

- ক) 2 খ) 3  
গ) 4 ঘ) 5

২২. ব্যানবেইজ কোন মন্ত্রণালয়ের অধীনে?

- ক) কৃষি খ) খাদ্য  
গ) শিক্ষা ঘ) তথ্য

২৩. আধা-সরকারি পরিসংখ্যানের উৎস নিচের কোনটি?

- ক) N.G.O খ) I.L.O  
গ) I.M.F ঘ) BRRI

২৪. বাংলাদেশে প্রকাশিত পরিসংখ্যানের সরকারি উৎস—

- i. বাংলাদেশ ব্যাংক  
ii. সোনালী ব্যাংক  
iii. পাবলিক বিশ্ববিদ্যালয়
- নিচের কোনটি সঠিক?
- ক) i খ) ii গ) iii ঘ) i ও ii

২৫. 'Bangladesh labour journal' প্রকাশ করে কোন মন্ত্রণালয়?

- ক) কৃষি খ) শ্রম ও জনশক্তি  
গ) স্বরাষ্ট্র ঘ) খাদ্য

উত্তরমালা	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	ক
	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫		



৩৮ ✓ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 1 2 9

সময়-২৫ মিনিট

পরিসংখ্যান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. Status কোন ভাষার শব্দ?
 

ক) জার্মান	খ) ইতালিয়ান
গ) ফরাসি	ঘ) ল্যাটিন
২. পরিসংখ্যানের বৈশিষ্ট্য কোনটি?
 

ক) তথ্য উপস্থাপন	খ) তথ্য বিশ্লেষণ
গ) তথ্যের সমষ্টি	ঘ) তথ্য সংগ্রহ
৩. সমগ্রকের পরিবর্তনশীল বৈশিষ্ট্যকে কী বলে?
 

ক) ধ্রুবক	খ) পরিসংখ্যান
গ) নমুনা	ঘ) চলক
৪. দক্ষতা কোন ধরনের পরিমাপক?
 

ক) নামসূচক	খ) ক্রমিকসূচক
গ) শ্রেণিসূচক	ঘ) আনুপাতিক সূচক
৫.  $x_1 = 2, x_2 = 3, x_3 = 4$  হলে  $\sum x_i^2 =$  কত?
 

ক) ১০	খ) ২৯
গ) ৩০	ঘ) ৪০
৬. তথ্যসারির মানের প্রতিনিধিত্ব করে নিচের কোনটি?
 

ক) গণসংখ্যা নিবেশন	খ) তালিকা
গ) কেন্দ্রীয় মান	ঘ) তথ্যসারির সাংখ্যিক মান
৭. 2, 12, 22, ....., 92 সংখ্যাগুলোর যোজিত গড় কত?
 

ক) 45	খ) 46
গ) 47	ঘ) 55
- নিচের তথ্যের আলোকে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :  
কোনো একটি প্রতিষ্ঠানের 6 জন শ্রমিকের বয়স যথাক্রমে 25, 27, 28, 30, 26 এবং 27 বছর।
৮. শ্রমিকদের বয়সের যোজিত গড় কত?
 

ক) 25.2	খ) 26.2
গ) 27.2	ঘ) 28.2
৯. শ্রমিকদের বয়সের মধ্যমা কত?
 

ক) 26	খ) 27
গ) 28	ঘ) 30
১০. জনসংখ্যা বৃদ্ধির হার নির্ণয়ে কোন পরিমাপটি উপযুক্ত?
 

ক) গাণিতিক গড়	খ) জ্যামিতিক গড়
গ) মধ্যমা	ঘ) প্রচুরক
১১. কোনো তথ্যের প্রতিটি মান থেকে গাণিতিক গড়ের বর্গের সমষ্টি—
 

ক) ক্ষুদ্রতম	খ) বৃহত্তম
গ) সমান	ঘ) অসমান
১২. গণসংখ্যা নিবেশনের আকৃতি ও প্রকৃতি জানার জন্য ব্যবহৃত ধ্রুবকসমূহকে কী বলে?
 

ক) বিভেদাঙ্ক	খ) সংশ্রেয়ঙ্ক
গ) নির্ভরঙ্ক	ঘ) পরিঘাত
১৩. -7 হতে মাপা প্রথম কাঁচা পরিঘাতের মান 5 হলে গাণিতিক গড়ের মান কত?
 

ক) -7	খ) -2
গ) 5	ঘ) 12
১৪. ধনাত্মক বন্ধিমতার ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
 

ক) গড় > মধ্যমা	খ) গড় < মধ্যমা
গ) প্রচুরক > মধ্যমা	ঘ) গড় = মধ্যমা

১৫. পাঁচ সংখ্যা সারের কোনটি দ্বারা মধ্যক মান পরিমাপ সম্ভব?
 

ক) $Q_1$	খ) $Q_2$
গ) $Q_3$	ঘ) পরিসর
১৬. পাঁচ সংখ্যা সার দ্বারা পরিমাপে অনুপযুক্ত—
  - i. সংশ্লেষ
  - ii. ২য় পর্যায়ের গড়
  - iii. মধ্যকমান
 নিচের কোনটি সঠিক?
 

ক) i	খ) ii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii
১৭. বন্ধিমতা ও সূঁচলতার মধ্যে সম্পর্ক কী?
 

ক) $\beta_2 \geq \beta_1 + 1$	খ) $\beta_2 > \beta_1 + 1$
গ) $\beta_2 < \beta_1 + 1$	ঘ) $\beta_2 = \beta_1 + 1$
- নিচের উদ্দীপকের আলোকে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :  
কোনো চলক x এর n সংখ্যক মান  $x_1, x_2, \dots, x_n$  যাদের গড়  $\bar{x}$  এবং a যে কোন ধ্রুবক যেন  $a \neq \bar{x}$ ।
১৮. প্রথম অশোধিত পরিঘাত নির্ণয়ের সূত্র কোনটি?
 

ক) $\frac{\sum (x_i - a)}{n}$	খ) $\bar{x} + a$
গ) $a - \bar{x}$	ঘ) $\frac{\sum (a + \bar{x})^2}{n}$
১৯. প্রথম শোধিত পরিঘাতের মান কত?
 

ক) 0	খ) 1
গ) 2	ঘ) 3
২০. ১ম ও ২য় কাঁচা পরিঘাত যথাক্রমে 2 এবং 8 হলে ২য় কেন্দ্রীয় পরিঘাত কত?
 

ক) 4	খ) 2
গ) 6	ঘ) $\sqrt{2}$
২১. বন্ধিমতা ও সূঁচলতা সম্পর্কে ধারণা পেতে কোন লেখচিত্রটি ব্যবহৃত হয়?
 

ক) অজিত রেখা	খ) দণ্ডচিত্র
গ) গণসংখ্যা রেখা	ঘ) ক্রমযোজিত গণসংখ্যা বহুভুজ
২২. নিচের কোনটি বাংলাদেশের সরকারি পরিসংখ্যানের উৎস?
 

ক) BBS	খ) WB
গ) UNESCO	ঘ) BRAC
২৩. বাণিজ্যিক ব্যাংক ও বীমা কোন ধরনের পরিসংখ্যানের উৎস?
 

ক) সরকারি	খ) বেসরকারি
গ) আধা-সরকারি	ঘ) কৃষি
২৪. বাংলাদেশে প্রকাশিত পরিসংখ্যানকে কয়ভাগে ভাগ করা যায়?
 

ক) 2	খ) 3
গ) 4	ঘ) 5
২৫. বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান বিষয়ক কার্যক্রম—
  - i. আদমশুমারি
  - ii. কৃষিশুমারি
  - iii. জাতীয় আয় নিরূপণ
 নিচের কোনটি সঠিক?
 

ক) i ও ii	খ) i ও iii	গ) ii ও iii	ঘ) i, ii ও iii
-----------	------------	-------------	----------------

<b>উত্তরমালা</b>	১	ঘ	২	গ	৩	ঘ	৪	খ	৫	খ	৬	গ	৭	গ	৮	গ	৯	খ	১০	খ	১১	ক	১২	ঘ	১৩	খ
	১৪	ক	১৫	ঘ	১৬	গ	১৭	ক	১৮	ক	১৯	ক	২০	ক	২১	গ	২২	ক	২৩	খ	২৪	খ	২৫	খ		



5242011





Short  
সিলেবাসে

HSC সৃজনশীল

MADE  
EASY

with Test  
Papers

# পরিমংখ্যান


দ্বিতীয় পত্র

অধিকতর ও  
Smart ▶  
প্রস্তুতির জন্য



ডাউনলোড করতে  
QR Code টি  
স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও  
শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা

 পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাজক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই

এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল	০৪-১১
১. ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ বোর্ড ২০২২	০৪
২. যশোর, কুমিল্লা, বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০২২	০৫
৩. ঢাকা, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম বোর্ড ২০১৯	০৬
৪. যশোর, সিলেট, বরিশাল, দিনাজপুর বোর্ড ২০১৯	০৭
৫. ঢাকা, যশোর, দিনাজপুর বোর্ড ২০১৮	০৮
৬. রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল বোর্ড ২০১৮	০৯
৭. ঢাকা, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর বোর্ড ২০১৭	১০
৮. যশোর বোর্ড ২০১৭	১১
এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি	১২-১৫
৯. সকল বোর্ড ২০২২	১২
১০. সকল বোর্ড ২০১৯	১৩
১১. সকল বোর্ড ২০১৮	১৪
১২. সকল বোর্ড ২০১৭	১৫
শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল	১৬-২১
১৩. নটর ডেম কলেজ, ঢাকা	১৬
১৪. ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা	১৭
১৫. ঢাকা কলেজ	১৮
১৬. ঢাকা সিটি কলেজ	১৯
১৭. চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ	২০
১৮. শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ	২১

শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি----- ২২-২৭

১৯. রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা .....	২২
২০. ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ.....	২৩
২১. নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী.....	২৪
২২. সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম .....	২৫
২৩. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল .....	২৬
২৪. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর.....	২৭

এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল----- ২৮-৩১

২৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ .....	২৮
২৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ .....	২৯
২৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ .....	৩০
২৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ .....	৩১

এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি----- ৩২-৩৫

২৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ .....	৩২
৩০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ .....	৩৩
৩১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭ .....	৩৪
৩২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮ .....	৩৫



## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

বংশী

১ ✓ ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ বোর্ড ২০২২

সেট-০৩

পরিসংখ্যান দ্বিতীয় পত্র • সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 1 3 0

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

পূর্ণমান : ৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ ▶ A ও B ঘটনাদ্বয়ের ক্ষেত্রে  $P(A) = 0.3$ ,  $P(B) = 0.4$ এবং  $P(A \cap B) = 0.12$ 

জনাব নাফিস বললেন যে, A ও B ঘটনাদ্বয় স্বাধীন হলেও বর্জনশীল হতে পারে না।

ক. সম্ভাবনা কাকে বলে? ১

খ.  $P(A) = 1$  এবং  $P(A) = 0$  ব্যাখ্যা কর। ২গ.  $P(A \cup B)$  এর মান বের কর। ৩

ঘ. তুমি কি জনাব নাফিসের সাথে একমত? ব্যাখ্যা কর। ৪

২ ▶ একটি পাত্রে ৪টি লাল এবং ৬টি কালো বল আছে। সিয়াম বললো যে, পাত্র হতে দুইটি বল দৈবভাবে উঠানো হলে বল দুইটি একই রঙের হওয়ার সম্ভাবনা, ভিন্ন রঙের হওয়ার সম্ভাবনা অপেক্ষা কম।

ক. নমুনাক্ষেত্রের সংজ্ঞা দাও। ১

খ. দুটি ঘটনা ঘটা বা না ঘটার সম্ভাবনার যোগফল = ১, ব্যাখ্যা কর। ২

গ. বল দুইটি কালো হবার সম্ভাবনা বের কর। ৩

ঘ. সিয়ামের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩ ▶ একটি বিচ্ছিন্ন দৈবচলক x এর সম্ভাবনা অপেক্ষক :

$$P(x) = \frac{x+1}{k}, x = 1, 2, 3, 4.$$

ক. দৈব চলক কাকে বলে? ১

খ. দৈব চলকের ভেদাঙ্কের মান সর্বদাই ধনাত্মক – ব্যাখ্যা কর। ২

গ. k এর মান নির্ণয় কর। ৩

ঘ.  $P(x)$  একটি সম্ভাবনা অপেক্ষক কি-না – মন্তব্য কর। ৪

৪ ▶ একটি বিমা কোম্পানির একজন জীবন বিমা পলিসি বিক্রয় প্রতিনিধি একই বয়সের সুস্বাস্থ্যবান ৫ জন লোকের নিকট জীবন বিমা পলিসি বিক্রয় করে। জীবন সারণি অনুসারে উক্ত বয়সের

একজন লোকের পরবর্তী ৩০ বছর বেঁচে থাকার সম্ভাবনা  $\frac{2}{3}$ ।

বিক্রয় প্রতিনিধি বললেন যে, পরবর্তীতে ৩০ বছর পর্যন্ত ৫ জনই বেঁচে থাকার সম্ভাবনা ১৩%।

ক. দ্বিপদী চলক কী? ১

খ. দ্বিপদী বিন্যাসের গড় ও ভেদাঙ্কের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. পরবর্তী ৩০ বছর পর্যন্ত কমপক্ষে ৩ জন বেঁচে থাকার সম্ভাবনা কত? ৩

ঘ. বিক্রয় প্রতিনিধির উক্তিটি যথার্থ কি-না মন্তব্য কর। ৪

৫ ▶ একটি বিচ্ছিন্ন দৈব চলক x এর সম্ভাবনা অপেক্ষক নিম্নরূপ :

x	-2	-1	0	1	2
P(x)	0.20	0.15	0.10	0.15	0.40

এখানে,  $y = 3x + 5$  এবং  $v(x) = 2.54$ 

ক. প্রান্তীয় সম্ভাবনা অপেক্ষকের সংজ্ঞা দাও। ১

খ.  $E(x) = \bar{x}$  ব্যাখ্যা কর। ২

গ. x এর গাণিতিক প্রত্যাশার মান বের কর। ৩

ঘ.  $v(3x - 12)$  এবং  $v(3y - 12)$  এর মধ্যে তুলনা কর। ৪

৬ ▶ একটি জরিপ চালিয়ে দেখা গেল যে, ক্রাউন বাল্বের ২০টির মধ্যে গড়ে একটি ত্রুটিপূর্ণ। ১০টি বাল্ব একটি প্যাকেটে সরবরাহ করা হলো। রাইসা বলল যে, ২০০০টি প্যাকেটের মধ্যে ৫০% এর বেশি প্যাকেটে কোন ত্রুটিপূর্ণ বাল্ব নেই।

ক. পৈসু চলক কী? ১

খ. পৈসু বিন্যাসের পরামিতি ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২

গ. ২টি ত্রুটিপূর্ণ বাল্ব হবার সম্ভাবনা বের কর। ৩

ঘ. রাইসার উক্তিটি যথার্থ কি-না? মন্তব্য কর। ৪

৭ ▶ নিম্নে নাটোর ও পাবনা জেলার বিভিন্ন বয়সভিত্তিক জনসংখ্যা দেওয়া হলো :

বয়স	0-14	15-24	25-34	35-44	45-54	55-64	65+
নাটোর জেলার জনসংখ্যা	31500	40000	48000	41000	32000	25000	16000
পাবনা জেলার জনসংখ্যা	35000	35000	46000	40000	30000	20000	12000

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ.  $NRR = 1$  ব্যাখ্যা কর। ২

গ. নাটোর জেলার জনসংখ্যার নির্ভরশীলতার অনুপাত নির্ণয় কর। ৩

ঘ. কোন জেলা বেশি উন্নত? মন্তব্য কর। ৪

৮ ▶ খুলনা সিটিতে নতুন জন্ম নেওয়া সন্তানের ছেলে হওয়ার সম্ভাবনা ০.৫। তথ্য সংগ্রহকারীর মতে সদ্য জন্ম নেওয়া ৬টি সন্তানের মধ্যে কমপক্ষে ২টি ছেলে হওয়ার সম্ভাবনা ৫০%।

ক. দ্বিপদী বিন্যাস কী? ১

খ. দ্বিপদী বিন্যাসের গড় ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২

গ. গড় ও ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. তথ্য সংগ্রহকারীর বক্তব্যের সত্যতা যাচাই কর। ৪

সেট-১

২ ✓ যশোর, কুমিল্লা, বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০২২

পরিসংখ্যান দ্বিতীয় পত্র • সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : 130

সময় : ১ ঘণ্টা ৪০ মিনিট

পূর্ণমান : ৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। একটি নিরপেক্ষ ছক্কা ও একটি নিরপেক্ষ মুদ্রা একত্রে নিক্ষেপ করা হলো। আসিফ মন্তব্য করল “ছক্কায় জোড় সংখ্যা ও মুদ্রায় টেল পাবার ঘটনাদ্বয় স্বাধীন।”

- ক. নমুনাক্ষেত্র কী? ১  
খ.  $P(A) = 1$  : ব্যাখ্যা কর। ২  
গ. মুদ্রায় হেড ও ছক্কায় বিজোড় সংখ্যা পাবার সম্ভাবনা নির্ণয় কর। ৩  
ঘ আসিফের মন্তব্য যাচাই কর। ৪

২। রনি ৬টি লাল বল ও ৪টি সাদা বল হতে ২টি বল দৈবভাবে উত্তোলন করে বলল যে, বলদ্বয় লাল অথবা বলদ্বয় একই রং এর পাবার সম্ভাবনা সমান।

- ক. চেষ্টা কী? ১  
খ.  $P(A) = 0$ ; ব্যাখ্যা কর। ২  
গ. বল দুটি ভিন্ন রঙের হবার সম্ভাবনা নির্ণয় কর। ৩  
ঘ রনির মন্তব্য মূল্যায়ন কর। ৪

৩। নিপা তিনটি মুদ্রা একত্রে নিক্ষেপ করল।  $x$  দৈবচলক মুদ্রায় হেডের সংখ্যা নির্দেশ করে। সে বলল যে,

- $P(0 \leq x \leq 1) \neq P(2 \leq x \leq 3)$   
ক. দৈবচলক কী? ১  
খ. সম্ভাবনা বিন্যাস ও বিন্যাস অপেক্ষক এক নয়— ব্যাখ্যা কর। ২  
গ. দৈবচলক এর সম্ভাবনা বিন্যাস নির্ণয় কর। ৩  
ঘ নিপার মন্তব্য যাচাই কর। ৪

৪। একটি দৈবচলকের সম্ভাবনা বিন্যাস নিম্নরূপ :

x	0	1	2	3
P(x)	0.2	0.4	0.35	0.05

- ক. দৈবচলকের ভেদাঙ্ক কী? ১  
খ. E ভেদাঙ্ক এর মান ঋণাত্মক নয়— ব্যাখ্যা কর। ২  
গ.  $E(x)$  নির্ণয় কর। ৩  
ঘ  $E(x^2) > \{E(x)\}^2$  যাচাই কর। ৪

৫। একটি কোম্পানির উৎপাদিত এলইডি বাস্তবের 15% ত্রুটিপূর্ণ। 10টির প্যাকেটে সরবরাহ করা হলো।

- ক. দ্বিপদী পরীক্ষা কী? ১  
খ. দ্বিপদী বিন্যাসের ক্ষেত্রে  $np > npq$  হবার কারণ ব্যাখ্যা কর। ২  
গ. বড় জোড় 1টি ত্রুটিপূর্ণ বাস্তব থাকার সম্ভাবনা নির্ণয় কর। ৩  
ঘ বিন্যাসটির বন্ধিমতা ও সূঁচলতা নির্ণয় করে মন্তব্য কর। ৪

৬। একটি প্রতিষ্ঠানের তৈরিকৃত পণ্যের 1% ত্রুটিপূর্ণ। দৈবভাবে 100টি পণ্য যাচাই করা হয়।

- ক. পैसे চলক কী? ১  
খ. পैसे বিন্যাসের পরামিতির মান সব সময় ধনাত্মক হয়— ব্যাখ্যা কর। ২  
গ.  $P(x = 1)$  নির্ণয় কর। ৩  
ঘ বিন্যাসটির গঠন-প্রকৃতি সম্পর্কে মন্তব্য কর। ৪

৭। একটি পैसे বিন্যাসের ক্ষেত্রে  $P(x = 2) = P(x = 3)$ .

- ক. পैसे বিন্যাস কী? ১  
খ. একটি পैसे বিন্যাসের গড় 2 এবং ভেদাঙ্ক 3 ব্যাখ্যা কর। ২  
গ. পরামিতি নির্ণয় কর। ৩  
ঘ বন্ধিমতা ও সূঁচলতা নির্ণয় কর এবং বিন্যাসটির গঠন সম্পর্কে মতামত দাও। ৪

৮। বাংলাদেশের দুইটি জেলার বয়সভিত্তিক জনসংখ্যা ও আয়তন নিচে দেওয়া হলো:

জেলার নাম	বয়সভিত্তিক জনসংখ্যা		আয়তন বর্গ কিলোমিটার	
	0 – 14	15 – 64	65 +	
পাবনা	5,08,209	18,82,010	2,51,630	3438
বগুড়া	2,52,862	9,85,546	1,40,595	1810

- ক. অশোধিত জন্মহার কী? ১  
খ. কোনো দেশের লিঙ্গ অনুপাত 102 ব্যাখ্যা কর। ২  
গ. বগুড়া জেলার জনসংখ্যার ঘনত্ব নির্ণয় কর। ৩  
ঘ নির্ভরশীলতার অনুপাত নির্ণয় করে কোন জেলার অর্থনৈতিক অবস্থা বেশি সমৃদ্ধ? মন্তব্য কর। ৪



**৩** ✓ **ঢাকা, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম বোর্ড ২০১৯**

বিষয় কোড : **1 3 0**

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র **৩** সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

**ক বিভাগ : সম্ভাবনা ও নমুনায়ন**

১ ▶ কৌশিক ও প্রাচী দুই বন্ধু। কৌশিক দুটি রৌপ্য মুদ্রা এবং প্রাচী একটি ছক্কা একত্রে নিষ্ক্ষেপ করল। প্রাচী বলল, ছক্কার উপরের পিঠে জোড়সংখ্যা এবং মুদ্রায় ২টি মাথা পাওয়ার ঘটনা দুটি স্বাধীন।

- ক. পরীক্ষণ কী? ১  
 খ. ক্রিকেট খেলায় এক ওভারে ১২ রান করা কোন ধরনের ঘটনা? ব্যাখ্যা কর। ২  
 গ. মুদ্রায় একই পিঠ পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপকের আলোকে প্রাচীর বক্তব্যের সত্যতা যাচাই কর। ৪

২ ▶ একটি খলিতে ৪টি সাদা বল, ৫টি কালো বল এবং ৬টি লাল বল আছে। ঐ খলি হতে দৈবভাবে ৩টি বল উত্তোলন করা হবে। সফিক আশা করে ৩টি বল একই রঙের হবে। রফিক আশা করে বল ৩টি ভিন্ন রঙের হবে।

- ক. সম্ভাবনা কী? ১  
 খ. দুইটি স্বাধীন ঘটনা বর্জনশীল হতে পারে কি? ব্যাখ্যা কর। ২  
 গ. উত্তোলিত বলগুলোর মধ্যে কমপক্ষে ২টি কালো হওয়ার সম্ভাবনা কত? ৩  
 ঘ. সফিক ও রফিকের মধ্যে কে বিজয়ী হবে? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৩ ▶ একটি বিচ্ছিন্ন দৈব চলক  $x$  এর সম্ভাবনা অপেক্ষক নিম্নরূপ :

$x$	০	১	২	৩	৪	৫
$p(x)$	$\frac{1}{10}$	$\frac{1}{5}$	$3k$	$2k$	$\frac{1}{5}$	$\frac{1}{10}$

- ক. দৈব চলক কি? ১  
 খ. মুদ্রা নিষ্ক্ষেপণ পরীক্ষায় উপরের পিঠে মাথা নির্দেশকারী চলকের প্রকৃতি ব্যাখ্যা কর। ২  
 গ.  $P(1 \leq x \leq 8)$  এর মান নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপকের আলোকে  $P(1 \leq x \leq 8) = F(8) - F(1)$  এর সত্যতা যাচাই কর। ৪

৪ ▶ সখীপুর এলাকায় চারটি বাড়ির গ্যারেজে ব্যক্তিগত গাড়ির সংখ্যা ১, ২, ৩, ৪। পরিসংখ্যানের শিক্ষক বললেন, ইহা চার আকারের সমগ্রক। তিনি আরও বললেন, নমুনা গড়ের প্রত্যাশিত মান সমগ্রক গড়ের সমান।

- ক. পরামিতি কি? ১  
 খ. সাধারণত নমুনাজমান ও সমগ্রকের ফলাফলের মধ্যে পার্থক্য পরিলক্ষিত হয়—ব্যাখ্যা কর। ২  
 গ. পুনঃস্থাপন করে দুই আকারের নমুনাসমূহ নির্বাচন কর। ৩  
 ঘ. শিক্ষকের বক্তব্য তুমি সমর্থন কর কি-না? তোমার মতামত ব্যক্ত কর। ৪

**খ বিভাগ : সম্ভাবনা বিন্যাস ও প্রায়োগিক পরিসংখ্যান**

৫ ▶ জান্নাত একজন দক্ষ স্যুটার। সে প্রতি ৪টি স্যুটে ২টি লক্ষ্যবিন্দু ভেদ করতে পারে। তার এই দক্ষতা দেখে জাতীয় দলের কোচ বেশ আশাবাদী। তাঁর ধারণা জান্নাত এবারে এশিয়া কাপে শিরোপা জিততে পারে। এশিয়া কাপে চূড়ান্ত পর্বে জান্নাত ১০টি স্যুট করল।

- ক. দ্বিপদী বিন্যাস কী? ১  
 খ. দ্বিপদী চলকের গড় ও ভেদাঙ্কের মধ্যকার সম্পর্ক ব্যাখ্যা কর। ২  
 গ. জান্নাতের কমপক্ষে ৩টি লক্ষ্যবিন্দু ভেদ করার সম্ভাবনা কত? ৩  
 ঘ. জান্নাতের লক্ষ্যবিন্দু ভেদ করার সংখ্যা যে বিন্যাসকে মেনে চলে সে বিন্যাসের বন্ধিমতা ও সূচলতা নির্ণয়পূর্বক বিন্যাসটির আকৃতি ও প্রকৃতি সম্পর্কে মতামত দাও। ৪

৬ ▶ কোনো জ্যাকেট ফ্যাক্টরির তৈরিকৃত জ্যাকেটের ০.২% খারাপ। তৈরিকৃত জ্যাকেটের ১০০টি করে প্যাকেটজাত করা হয়। ম্যানেজার সাহেব বললেন, কোনো একদিনের তৈরিকৃত ১০০০টি জ্যাকেটের মধ্যে ৪০০টির বেশি খারাপ হবে না।

- ক. পৈঁসু চলক কী? ১  
 খ. পৈঁসু বিন্যাসের গড় ৪ এবং পরিমিত ব্যবধান ২— মন্তব্য কর। ২  
 গ. বিন্যাসটি হতে  $P(x=2)$  নির্ণয় কর। ৩  
 ঘ. উদ্দীপকের আলোকে ম্যানেজারের বক্তব্যের সত্যতা যাচাই কর। ৪

৭ ▶ অধ্যাপক রহিম সাহেব তার পরিবারের সদস্যদের নিত্যপ্রয়োজনীয় ২০১৬ ও ২০১৭ সালে ব্যবহৃত দ্রব্যাদির মূল্যের তালিকা ছাত্র-ছাত্রীদের নিকট প্রদর্শন করে বললেন, আজকাল নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য উর্ধ্বগামী। তবে উক্ত তথ্যসমূহের সাহায্যে ফিশারের সূচক সংখ্যা নির্ণয় করলে ইহা আদর্শ সূচক সংখ্যা হবে।

পণ্য	২০১৬		২০১৭	
	মূল্য (টাকা)	পরিমাণ (কেজি)	মূল্য (টাকা)	পরিমাণ (কেজি)
চাউল	৫০	২৫	৫৫	৩০
ডাল	৮০	৩	৯০	৩৪
তৈল	৯০	৫	১০০	৫

- ক. সূচক সংখ্যা কী? ১  
 খ. সূচক সংখ্যার এককের ধরন ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকের তথ্য হতে ল্যাসপিয়ার্দের মূল্যসূচক সংখ্যা বের কর। ৩  
 ঘ. অধ্যাপক রহিম সাহেবের বক্তব্যের সত্যতা যাচাই কর। ৪
- ৮ ▶ বাংলাদেশের রাজধানী ঢাকা একটি জনবহুল শহর। ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ দুটি সিটির কিছু তথ্য দেওয়া হলো :

নাম	আয়তন বর্গ কি.মি.	লোক সংখ্যা	মহিলার সংখ্যা
ঢাকা উত্তর	৬০	২১,৫০,০০০	১০,৯০,০০০
ঢাকা দক্ষিণ	৭০	১৮,৪০,০০০	৯,২০,০০০

- ক. জনমিতি কি? ১  
 খ. কোনো অঞ্চলের জনসংখ্যার ঘনত্ব ৯৪০ বলতে কি বুঝ? ব্যাখ্যা কর। ২  
 গ. উদ্দীপকে দেওয়া তথ্যের ভিত্তিতে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণের নারী-পুরুষের অনুপাত নির্ণয় কর। ৩  
 ঘ. “ঢাকার কোন সিটি মানুষের বসবাসের বেশি উপযোগী”? তোমার মতামত ব্যক্ত কর। ৪

**৪** ✓ **যশোর, সিলেট, বরিশাল, দিনাজপুর বোর্ড ২০১৯**

বিষয় কোড : **1 3 0**

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৫০

**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

**ক বিভাগ : সম্ভাবনা ও নমুনায়ন**

- ১ ▶ শিউলী একটি নিরপেক্ষ ছক্কা এবং দুটি নিরপেক্ষ মুদ্রা একত্রে নিষ্ক্ষেপ করল। সে বলল, দুটি মাথা এবং জোড় সংখ্যা পাবার ঘটনাদ্বয় অনির্ভরশীল।
- ক. চেষ্টার সংজ্ঞা দাও। ১
- খ. একটি ঘটনার সম্ভাবনা ০.৫ হলে ঘটনাটি কিরূপ? ব্যাখ্যা কর। ২
- গ. মুদ্রায় বিপরীত পিঠ পাবার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. প্রয়োজনীয় পরিমাপ নির্ণয়পূর্বক শিউলীর মন্তব্য যাচাই কর। ৪
- ২ ▶ মাহিমা এবং কাকন পরিসংখ্যানের দুজন শিক্ষার্থী। মাহিমা শতকরা ৪০%, কাকন শতকরা ৪৫% এবং উভয়ই শতকরা ১৮% প্রশ্নের সঠিক উত্তর প্রদান করতে পারে। দৈবভাবে একটি প্রশ্ন নির্বাচন করা হলো।
- ক. পরিপূরক ঘটনা কী? ১
- খ. একটি ছক্কা নিষ্ক্ষেপ দৈব পরীক্ষণে জোড় সংখ্যা এবং তিন দ্বারা বিভাজ্য সংখ্যা পাবার ঘটনাদ্বয় বর্জনশীল কি? মন্তব্য কর। ২
- গ. শুধুমাত্র মাহিমার সঠিক উত্তর প্রদান করার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. মাহিমা এবং কাকন এর সঠিক উত্তর প্রদান করার ঘটনাদ্বয় সম্পূর্ণ কি? যাচাই কর। ৪

- ৩ ▶ একটি শো-রুমে দুটি কোম্পানির মোটর সাইকেলের দৈনিক বিক্রির সম্ভাবনা বিন্যাস নিম্নে দেওয়া হলো :-

কোম্পানির নাম \ বিক্রির পরিমাণ	বিক্রির পরিমাণ			
	০	১	২	৩
A	০.২৫	০.৩	০.৩৫	০.১
B	০.২	০.৩	০.৪	০.১

- ক. গাণিতিক প্রত্যাশা কী? ১
- খ.  $E(x)$ -এর মান ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত শো-রুমে কোম্পানি A এর দৈনিক একটির বেশি মোটর সাইকেল বিক্রির সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. কোন কোম্পানির মোটর সাইকেলের চাহিদা বেশি? প্রয়োজনীয় পরিমাপ নির্ণয়পূর্বক মতামত দাও। ৪
- ৪ ▶ একটি কর্পোরেট অফিসের চারটি ফ্লোরে প্রাপ্ত কম্পিউটার সংখ্যার উপর ভিত্তি করে {৩, ৪, ৫, ৬} সমগ্রকটি পাওয়া গেল। একজন শিক্ষার্থী সমগ্রকটি হতে পুনঃস্থাপন না করে দুই আকারবিশিষ্ট একটি নমুনা চয়ন করল। শিক্ষার্থী বলল, নমুনা গড় সমগ্রক গড়ের নিরপেক্ষ নিরূপক।
- ক. নমুনায়ন কী? ১
- খ. নমুনা ও শুমারি জরিপের মধ্যে কোনটিতে অধিক সময় প্রয়োজন হয়? ব্যাখ্যা কর। ২
- গ. সমগ্রক ভেদাঙ্ক নির্ণয় কর। ৩
- ঘ. প্রয়োজনীয় পরিমাপ নির্ণয়পূর্বক শিক্ষার্থীর মন্তব্য যাচাই কর। ৪

**খ বিভাগ : সম্ভাবনা বিন্যাস ও প্রায়োগিক পরিসংখ্যান**

- ৫ ▶ একটি পাবলিক পরীক্ষায় মেয়ে পরীক্ষার্থীর সংখ্যা ৫৫%। সকল পরীক্ষার্থীদের মধ্য থেকে দৈবভাবে ১৫ জন পরীক্ষার্থী নেওয়া হলো।
- ক. দ্বিপদী চলক কী? ১
- খ. একটি দ্বিপদী বিন্যাসের গড় ৪ এবং ভেদাঙ্ক ৮ সম্ভব কি? ব্যাখ্যা কর। ২
- গ. ৭জন মেয়ে পরীক্ষার্থী হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. বন্ধিমতাক্ষ নির্ণয়পূর্বক বিন্যাসটির প্রকৃতি সম্পর্কে মতামত দাও। ৪
- ৬ ▶ একটি কারখানার উৎপাদিত কলমের ১.৫% ত্রুটিপূর্ণ। প্রতি প্যাকেটে ৬০টি করে কলম সরবরাহ করা হয়।
- ক. পরিমিত বিন্যাসের পরামিতি কয়টি? ১
- খ. পরিমিত বিন্যাসের ভেদাঙ্ক ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২
- গ. একটি প্যাকেটে তিনটি ত্রুটিপূর্ণ কলম থাকার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. সূচালতাক্ষ নির্ণয়পূর্বক বিন্যাসটির আকৃতি সম্পর্কে মতামত দাও। ৪
- ৭ ▶ ২০১৫ ও ২০১৬ সালের চারটি পণ্যের তথ্য নিম্নরূপ :

পণ্য	মূল্য		পরিমাণ	
	২০১৫	২০১৬	২০১৫	২০১৬
A	১০	১২	৫	৪
B	১২	১১	৮	৯
C	১৫	১৬	৬	৬
D	৯	১২	৭	৫

- ক. সূচক সংখ্যা কী? ১
- খ. বাংলাদেশের প্রেক্ষিতে ১৯৭১ সালকে ভিত্তি বছর বিবেচনা করা ঠিক হবে কি? ব্যাখ্যা কর। ২
- গ. প্যাসের মূল্যসূচক সংখ্যা নির্ণয় কর। ৩
- ঘ. ফিশারের সূত্র উপাদান পাল্টানো পরীক্ষায় উত্তীর্ণ হয় কি? উদ্দীপকের আলোকে যাচাই কর। ৪

- ৮ ▶ নিম্নে বাংলাদেশের দুটি বিভাগের জনসংখ্যা সংক্রান্ত তথ্য দেওয়া হলো :

বিভাগ	শিশুর	স্ত্রীলোকের সংখ্যা	জনসংখ্যা
	জন্মসংখ্যা	বয়স সীমা (১৫-৪৯)	
ঢাকা	২৪,৫০০	৭,৫০,০০০	২০,৮০,০০০
সিলেট	১৫,০০০	৩,৮০,০০০	১০,২০,০০০

- ক. জীব পরিসংখ্যানের সংজ্ঞা দাও। ১
- খ. কখন  $GRR = NRR$  হয়? ব্যাখ্যা কর। ২
- গ. ঢাকা বিভাগের অশোধিত জন্মহার নির্ণয় কর। ৩
- ঘ. ঢাকা ও সিলেট বিভাগের সাধারণ প্রজনন হার নির্ণয়পূর্বক তুলনা কর। ৪

**ঢাকা, যশোর, দিনাজপুর বোর্ড ২০১৮**

বিষয় কোড : 130

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

**ক বিভাগ : সম্ভাবনা ও নমুনায়ন**

- ১ ▶ রফিক একটি বাক্সের ৭টি সাদা, ৫টি কালো এবং ৩টি সবুজ বল হতে ৩টি বল দৈবভাবে চয়ন করল। তার ধারণা কমপক্ষে ২টি কালো বল পাওয়া এবং সর্বোচ্চ ১টি কালো বল পাওয়ার ঘটনা দুটি একে অন্যের পরিপূরক।
- ক. পরীক্ষণ কী? ১
- খ. “সম্ভাবনার সর্বোচ্চ মান ১” – ব্যাখ্যা কর। ২
- গ. রফিকের নির্বাচিত বল তিনটি ভিন্ন রঙের হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. সম্ভাবনা নির্ণয়পূর্বক রফিকের ধারণার সপক্ষে তোমার যুক্তিসংগত মতামত দাও। ৪
- ২ ▶ রিমা দুটি নিরপেক্ষ ছক্কা একবার নিক্ষেপ করল। সে বলল, ১ম ছক্কা জোড় সংখ্যা পাওয়ার ঘটনা এবং ২য় ছক্কা বিজোড় সংখ্যা পাওয়ার ঘটনা দুটি অনির্ভরশীল।
- ক. নমুনাক্ষেত্র কী? ১
- খ. “মুদ্রা নিক্ষেপ পরীক্ষা একটি দৈব পরীক্ষা” – বুঝিয়ে লেখ। ২
- গ. ছক্কা দুটির উপরের পিঠের সংখ্যা দুটির যোগফল ৭ পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. সম্ভাবনা নির্ণয়পূর্বক রিমার বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪
- ৩ ▶ উদ্দীপক-১ : রাকিব তিনটি মুদ্রা একত্রে নিক্ষেপ করল। সে কমপক্ষে ১টি হেড ফেলতে পারলে ৪০ পয়েন্ট লাভ করবে কিন্তু বড়জোর ১টি হেড পড়লে ২০ পয়েন্ট হারাবে। রাকিব ৪৫ পয়েন্ট প্রত্যাশা করে।
- উদ্দীপক-২ : বিপিএল ক্রিকেট খেলায় একজন বোলারের উইকেট প্রাপ্তির সম্ভাবনা অপেক্ষক—
- $$P(x) = \frac{|2-x|}{k}; x=3, 4, 5, 6, 7$$
- ক. সম্ভাবনা বিন্যাস কী? ১
- খ.  $V(5) = 0$  ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপক-২ হতে  $k$  এবং  $E(x)$  এর মান নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপক-১ হতে রাকিবের প্রত্যাশার যথার্থতা যাচাই কর। ৪
- ৪ ▶ একাদশ শ্রেণির টিউটোরিয়াল পরীক্ষার ফলাফল হতে পরিসংখ্যানে প্রাপ্ত নম্বরের সমগ্রক  $\{৩, ৫, ৭, ৯\}$  হতে পুনঃস্থাপন সহকারে ২ আকারের নমুনা চয়ন করা হলো।
- ক. নমুনা কী? ১
- খ. নমুনা জরিপে সময় ও খরচ কম লাগে— ব্যাখ্যা কর। ২
- গ. সমগ্রকের ভেদাঙ্ক নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে নমুনা গড় সমগ্রক গড়ের নিরপেক্ষ নিরূপক কি-না তা যাচাইপূর্বক মন্তব্য কর। ৪

**খ বিভাগ : সম্ভাবনা বিন্যাস ও প্রায়োগিক পরিসংখ্যান**

- ৫ ▶ কোনো শহরের নতুন জন্ম নেওয়া সন্তানের ছেলে হওয়ার সম্ভাবনা ০.৪। তথ্য সংগ্রহকারীর মতে সদ্য জন্ম নেওয়া ৪টি সন্তানের মধ্যে কমপক্ষে ২টি ছেলে হওয়ার সম্ভাবনা ৫০%।
- ক. দ্বিপদী বিন্যাস কী? ১
- খ. দ্বিপদী বিন্যাসের গড় ঋণাত্মক হতে পারে কী? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের আলোকে গড় ও ভেদাঙ্ক নির্ণয় কর। ৩
- ঘ. তথ্য সংগ্রহকারীর বক্তব্যের সত্যতা যাচাই কর। ৪
- ৬ ▶ একটি দোকানের উৎপাদিত মিষ্টির ২% খারাপ। মিষ্টিগুলো ৫০টির প্যাকেটে সরবরাহ করা হয়। কোনো একদিনের উৎপাদন হতে ৫০০টি প্যাকেট নেওয়া হলো। দোকানী বললেন, বড়জোর একটি খারাপ মিষ্টি থাকবে এমন প্যাকেটের সংখ্যা ৩৭০টির বেশি হবে না।
- ক. আদর্শ পরিমিত চলক কী? ১
- খ. পরিমিত বিন্যাসে  $P(z = ৩০) = 0$  ব্যাখ্যা কর। ২
- গ. প্রতি প্যাকেটে ৪টি খারাপ মিষ্টি থাকার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. দোকানীর বক্তব্যের সাথে তুমি কি একমত? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মন্তব্য কর। ৪
- ৭ ▶ নিচে কতকগুলো দ্রব্যের ভিত্তি ও চলতি বছরের বাজার মূল্যের তথ্য দেওয়া হলো :

দ্রব্য	২০১০		২০১৩	
	মূল্য	পরিমাণ	মূল্য	পরিমাণ
ক	১২	৪	১৫	৬
খ	৮	১০	১০	৮
গ	১৪	৩	১৬	৪
ঘ	২০	৫	২৫	৬

- ক. ভিত্তি বছর কী? ১
- খ. “সূচক সংখ্যা হলো অর্থনীতির ব্যারোমিটার।” – বুঝিয়ে লেখ। ২
- গ. ল্যাসপিয়ার্সের মূল্য সূচকসংখ্যা নির্ণয় কর। ৩
- ঘ. ফিশারের সূচক সংখ্যার সূত্রটি সময় পাল্টানো পরীক্ষায় উল্লীর্ণ হয় কী? উদ্দীপকের তথ্যের আলোকে বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ ১৪৭৫৭০ বর্গ কি. মি. আয়তনের ছোট কিন্তু জনবহুল একটি দেশের পরিসংখ্যান ব্যুরোর “আদমশুমারি ও গৃহগণনা-২০১১” এর তথ্য মতে মোট জনসংখ্যা ১৪,৯৭,৭২,৩৬৪ জন এবং পুরুষের সংখ্যা ৭,৪৯,৮০,৩৮৬ জন। জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩৪%। বিশ্লেষকের ধারণা জনসংখ্যা দ্বিগুণ হতে ৫০ বছর সময় লাগবে।
- ক. TFR কী? ১
- খ.  $GRR > 1$  দ্বারা কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
- গ. জনসংখ্যার ঘনত্ব এবং লিঙ্গ অনুপাত নির্ণয় কর। ৩
- ঘ. বিশ্লেষকের ধারণার সাথে তুমি কি একমত? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মন্তব্য কর। ৪

**৬** রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল বোর্ড ২০১৮

বিষয় কোড : 130

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : সম্ভাবনা ও নমুনায়ন

১ ▶ A এবং B দুটি ঘটনা যেখানে  $P(A) = \frac{1}{3}$ ,  $P(B) = \frac{3}{8}$ ,  $P(A \cup B) = \frac{10}{12}$

। একজন শিক্ষক বললেন যে  $P(A/B)$  এবং  $P(B/A)$  এর মান সমান নয়।

- ক. সম্ভাবনা কী? ১  
খ. সম্ভাবনার মান ঋণাত্মক হতে পারে না— ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের আলোকে  $P(A \cap B)$  এর মান নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের আলোকে  $P(A/B)$  এবং  $P(B/A)$  এর মান বের করে শিক্ষকের মন্তব্যের যথার্থতা যাচাই কর। ৪

২ ▶ দৃশ্যকল্প-১ : তিনটি নিরপেক্ষ মুদ্রা একত্রে একবার নিক্ষেপ করা হলো।

দৃশ্যকল্প-২ : দুইটি ছক্কা একত্রে একবার নিক্ষেপ করা হলো। নিক্ষেপকারীর মন্তব্য হলো ফোটার সংখ্যার যোগফল ৪ পাওয়ার সম্ভাবনা এবং যোগফল ১০ পাওয়ার সম্ভাবনা সমান।

- ক. ঘটনা কী? ১  
খ. অসম্ভব ঘটনার সম্ভাবনার মান সর্বদাই শূন্য— ব্যাখ্যা কর। ২  
গ. দৃশ্যকল্প-১ থেকে কমপক্ষে ২টি মাথা পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩  
ঘ. দৃশ্যকল্প-২ এর আলোকে ছক্কা নিক্ষেপকারীর মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৩ ▶ বিচ্ছিন্ন দৈব চলক x এর সম্ভাবনা বিন্যাস নিম্নে দেওয়া হলো :

x	-8	-2	0	2	8
P(x)	0.1	0.2	0.8	0.2	0.1

- ক. দৈবচলকের ভেদাঙ্ক কী? ১  
খ. দৈবচলকের গাণিতিক প্রত্যাশা এবং গাণিতিক গড় মূলত একই— ব্যাখ্যা কর। ২  
গ. দৈবচলক x এর গাণিতিক প্রত্যাশা নির্ণয় কর। ৩  
ঘ. যদি  $y = 2x + 3$  এবং  $z = 2x + 5$  হয় তবে  $V(y)$  এবং  $V(z)$  এর মান সমান কিনা— বিশ্লেষণপূর্বক মন্তব্য কর। ৪

৪ ▶ একটি সমগ্রক {২, ৩, ৪, ৫, ৬} হতে পুনঃস্থাপন না করে ২ আকারবিশিষ্ট দৈব নমুনা চয়ন করে শ্রেণি শিক্ষক বললেন 'নমুনা গড় সমগ্রক গড়ের নিখুঁকি নিরূপক হবে'।

- ক. সমগ্রক কী? ১  
খ. সমগ্রক সম্পর্কে দ্রুত ধারণা পেতে নমুনা জরিপ একমাত্র পদ্ধতি— ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের তথ্য হতে পুনঃস্থাপন না করে ৩ আকারের নমুনাসমূহ লিখ। ৩  
ঘ. উদ্দীপকের শ্রেণি শিক্ষকের বক্তব্যটি সম্পর্কে বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

খ বিভাগ : সম্ভাবনা বিন্যাস ও প্রায়োগিক পরিসংখ্যান

৫ ▶ একটি সাম্প্রতিক জরিপে দেখা গেল যে, "হক" কোম্পানির ৩০% কলম নষ্ট, কলমগুলি প্রতি প্যাকেটে ১২টি করে বাজারজাত করা হয়। এরূপ ১০০০টি প্যাকেটের উপর জরিপ করা হয়েছিল।

- ক. দ্বিপদী পরীক্ষা কী? ১  
খ. দ্বিপদী বিন্যাসের গড় ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২  
গ. দুইটি কলম নষ্ট হওয়ার সম্ভাবনা এবং প্রত্যাশিত প্যাকেটের সংখ্যা নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের বিন্যাসটির গড় ও ভেদাঙ্কের মান নির্ণয়পূর্বক মন্তব্য কর। ৪

৬ ▶ বাংলাদেশে প্রতি ১০০০ জনের মধ্যে অল্প কিছু লোক শহরে এবং অবশিষ্ট লোক গ্রামে বাস করে। দৈবভাবে কয়েকজন লোকের একটি নমুনা নেওয়া হলো। এ নমুনায় শহরে বাস করা লোকের সংখ্যা পৈঁসু বিন্যাস মেনে চলে যেখানে  $P(x=8) = \frac{1}{4} P(x=3)$ ।

- ক. পৈঁসু বিন্যাস কী? ১  
খ. পৈঁসু বিন্যাসের পরামিতি সর্বদাই ধনাত্মক— ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের আলোকে সম্ভাবনা অপেক্ষক নির্ণয়পূর্বক  $P(x \geq 1)$  এর মান নির্ণয় কর। ৩  
ঘ. বন্ধিতাঙ্ক ও সূচালতাঙ্ক নির্ণয়পূর্বক বিন্যাসটির আকৃতি ও প্রকৃতি সম্পর্কে মন্তব্য কর। ৪

৭ ▶ নিচে রহমান সাহেবের পরিবারের জীবনযাত্রার ব্যয়ের তথ্য দেওয়া হলো :

ব্যবহৃত দ্রব্য	খাদ্য	বস্ত্র	বাড়ি ভাড়া	যাতায়াত	অন্যান্য
ভার (খরচের হার)	৫০	৩০	১০	১৫	১৫
২০১৫ সালের মূল্য	১৩০	৬০	৩৫	৫০	২০
২০১৬ সালের মূল্য	১৮০	৭০	৫০	৭০	৩০

রহমান সাহেবের মন্তব্য হলো যে ২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে তার খরচ প্রথম দেড় গুণ হয়েছে।

- ক. মূল্যসূচক সংখ্যা কী? ১  
খ. সূচক সংখ্যাকে অর্থনীতির ব্যারোমিটার বলে— ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের আলোকে সরল সমষ্টি পদ্ধতিতে মূল্যসূচক নির্ণয় কর। ৩  
ঘ. রহমান সাহেবের মন্তব্যের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৮ ▶ একটি দেশের তথ্য নিচে দেওয়া হলো :

বয়স	০-১৪	১৫-২৪	২৫-৩৪	৩৫-৪৪	৪৫-৫৪	৫৫-৬৪	৬৫+
জনসংখ্যা	৩০,০০০	৪২,০০০	৫০,০০০	৪৫,০০০	৩১,০০০	২০,০০০	১৮,০০০
পুরুষের সংখ্যা	১৬,০০০	২২,০০০	২৫,০০০	২৩,০০০	১৬,০০০	১১,০০০	৯,০০০
মহিলার সংখ্যা	১৪,০০০	২০,০০০	২৫,০০০	২২,০০০	১৫,০০০	৯,০০০	৯,০০০

দেশের কয়েকজন অর্থনীতিবিদ মন্তব্য করলেন যে দেশের নির্ভরশীলতার অনুপাত বর্তমানে ২৫% অতিক্রম করেছে।

- ক. জীব পরিসংখ্যান কী? ১  
খ. একটি দেশের জনসংখ্যার ঘনত্ব ৮৭৫— ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের আলোকে লিঙ্গ অনুপাত নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকের তথ্য বিশ্লেষণ সাপেক্ষে সে দেশের অর্থনীতিবিদদের মন্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ✓ ঢাকা, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর বোর্ড ২০১৭ বিষয় কোড : 130

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : সম্ভাবনা ও নমুনা

১ ▶ রুমার কাছে ৫টি লাল ও ৪টি সাদা বল আছে। রুমা ২টি বল দৈবভাবে নির্বাচন করে।

- ক. নুমুনা বিন্দু কী? ১  
খ. 'A' ঘটনার সম্ভাবনা 0.83। 'A' কি ধরনের ঘটনা? ব্যাখ্যা কর। ২  
গ. রুমা কর্তৃক নির্বাচিত বল ২টি সাদা হবার সম্ভাবনা কত? ৩  
ঘ. বল ২টি একই রঙের এবং ভিন্ন রঙের পাবার ঘটনা দুটি সম্পূর্ণ ঘটনা কি-না সম্ভাবনার ভিত্তিতে মন্তব্য কর। ৪

২ ▶ সিয়াম এবং কিয়াম দুই ভাই। তারা একটি মুদ্রা ও একটি ছক্কা একত্রে নিক্ষেপ করল। তারা বলল যে, মুদ্রা হতে টেল পাওয়ার ঘটনা ও ছক্কা হতে বিজোড় সংখ্যা পাওয়ার ঘটনাদ্বয় স্বাধীন।

- ক. চেষ্টা কী? ১  
খ. স্বাধীন ঘটনা কি বর্জনশীল ঘটনা হতে পারে? ব্যাখ্যা কর। ২  
গ. ছক্কা ২ দ্বারা বিভাজ্য সংখ্যা পাওয়ার ঘটনার সম্ভাবনা নির্ণয় কর। ৩  
ঘ. দুই ভাইয়ের বক্তব্য সঠিক কি-না সম্ভাবনার ভিত্তিতে মতামত দাও। ৪

৩ ▶ একটি দোকানে নকিয়া ও সিফোনি কোম্পানি দুইটির মোবাইল সেটের চাহিদা সম্ভাবনা বিন্যাস নিম্নরূপ :

নকিয়া

চাহিদা	0	1	2	3	4
সম্ভাবনা	0.1	0.4	C	0.15	.01

সিফোনি

চাহিদা	0	1	2	3	4
সম্ভাবনা	0.09	0.45	0.32	0.11	0.03

- ক. গাণিতিক প্রত্যাকাশ কী? ১  
খ. দৈব চলকের পরিমিত ব্যবধান ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২  
গ. নকিয়া মোবাইলের জন্য প্রবক C এর মান নির্ণয় কর। ৩  
ঘ. প্রয়োজনীয় পরিমাপ নির্ণয়পূর্বক কোন কোম্পানির মোবাইলের চাহিদা বেশি তোমার মতামত দাও। ৪

৪ ▶ চারজন ছাত্রের টিউটোরিয়াল পরীক্ষার নম্বর যথাক্রমে 7, 8, 9, 10 শিক্ষক বললেন যে, উক্ত নম্বরগুলো হতে পুনঃস্থাপন না করে 2 আকারের নমুনা দৈবভাবে চয়ন করা হলে নমুনা গড় সমগ্রক গড়ের নিব্বন্ধি নিরূপক হবে।

- ক. নমুনা কী? ১  
খ. শুমারি জরিপে নমুনা ত্রুটি থাকে না। ব্যাখ্যা কর। ২  
গ. সমগ্রকের ভেদাঙ্ক নির্ণয় কর। ৩  
ঘ. প্রয়োজনীয় হিসাব প্রদর্শনপূর্বক শিক্ষকের মন্তব্য সমর্থন কর কি-না তোমার মতামত দাও। ৪

খ বিভাগ : সম্ভাবনা বিন্যাস ও প্রায়োগিক পরিসংখ্যান

৫ ▶ একজন কৃষক তাঁর একটি ক্ষেতের উৎপাদিত ধানকে বীজ হিসেবে সংগ্রহের চিন্তা করলেন। তিনি দেখলেন 20টি ধানের মধ্যে 8টি ধান নষ্ট। তিনি 15টি ধানের একটি নমুনা সংগ্রহ করেন।

- ক. বার্গোলী চেষ্টা কী? ১  
খ. ২০১৭ সালের পরীক্ষায় A+ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা নির্দেশকারী চলকের সম্ভাবনা বিন্যাস কোনটি হবে? ব্যাখ্যা কর। ২  
গ. 15টি ধানের নমুনায় কমপক্ষে 1টি ধান নষ্ট হবে তার সম্ভাবনা কত? ৩  
ঘ. 15টি ধানের নমুনায় নষ্ট ধানের সংখ্যার সম্ভাবনা বিন্যাসটির  $\beta_2$  নির্ণয়পূর্বক সূচালতা সম্পর্কে মন্তব্য কর। ৪

৬ ▶ কোনো একটি দোকানে প্রতি মিনিটে আগত ক্রেতার সংখ্যা পৈঁসু বিন্যাস মেনে চলে যার গড় 3। রনি মন্তব্য করল প্রতি মিনিটে 2 জন ক্রেতা আসার সম্ভাবনা প্রতি মিনিটে 3 জন ক্রেতা আসার সম্ভাবনার সমান।

- ক. পৈঁসু চলক কী? ১  
খ. পরিমিত বিন্যাসের গড় ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২  
গ. উদ্দীপকের আলোকে  $P(0 \leq x \leq 1)$  এর মান নির্ণয় কর যেখানে  $x =$  ক্রেতার সংখ্যা। ৩  
ঘ. তুমি কি রনির মন্তব্যের সাথে একমত? সম্ভাবনা নির্ণয়পূর্বক মতামত দাও। ৪

৭ ▶ ২০১৫ সালের সরকারি পে-স্কেল ঘোষণার পর রহিমা গার্মেন্টস কর্মচারীদের বেতন মালিক ২০% বৃদ্ধি করল। শ্রমিকরা দাবি করে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বেতনের তুলনায় বেশি বৃদ্ধি পেয়েছে এবং প্রমাণস্বরূপ নিচের তথ্য সরবরাহ করে :

দ্রব্য	2014		2015	
	মূল্য (টাকা/কেজ)	পরিমাণ (কেজ)	মূল্য (টাকা/কেজ)	পরিমাণ (কেজ)
চাল	40	30	45	35
ডাল	100	3	110	4
তেল	90	5	95	7

- ক. সূচকসংখ্যা কী? ১  
খ. মূল্যসূচক সংখ্যা 126 বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২  
গ. প্যাসের মূল্যসূচক সংখ্যা নির্ণয় কর। ৩  
ঘ. জীবনযাত্রার ব্যয়সূচক সংখ্যা নির্ণয়পূর্বক শ্রমিকদের দাবির সত্যতা যাচাই কর। ৪

৮ ▶ ঢাকা ও সিলেট বিভাগের মোট আয়তন ও বিভিন্ন বয়স গ্রুপের জনসংখ্যার বিন্যাস নিম্নরূপ :

বিভাগ	বয়স গ্রুপ			আয়তন (বর্গ কি. মি.)
	0-14	15-64	65+	
ঢাকা	10,00,000	5,00,000	5,80,000	1,880
সিলেট	7,00,000	2,70,000	4,70,000	2,319

- ক. লিঙ্গ অনুপাত কী? ১  
খ.  $NRR = 0.983$  এর অর্থ ব্যাখ্যা কর। ২  
গ. সিলেট বিভাগের নির্ভরশীলতার অনুপাত বের কর। ৩  
ঘ. কোন বিভাগের পরিবেশ বসবাসের জন্য অধিক স্বাস্থ্যকর প্রয়োজনীয় বিশ্লেষণপূর্বক মন্তব্য কর। ৪

৮ ✓ যশোর বোর্ড ২০১৭

বিষয় কোড : 130

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে দুটি করে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

ক বিভাগ : সম্ভাবনা ও নমুনায়ন

খ বিভাগ : সম্ভাবনা বিন্যাস ও প্রায়োগিক পরিসংখ্যান

- ১ ▶ হামিদ দুটি নিরপেক্ষ ছক্কা একত্রে নিক্ষেপ করল। তার বন্ধু মন্তব্য করে যে, উক্ত পরীক্ষায় উভয় ছক্কাই একই সংখ্যা পাবার ঘটনা এবং উভয় ছক্কাই প্রাপ্ত সংখ্যাভেদের যোগফল তিন দ্বারা বিভাজ্য হবার ঘটনাদ্বয় স্বাধীন।
- ক. নমুনাক্ষেত্র বলতে কী বোঝ? ১
- খ. কোনো একদিন বৃষ্টি হওয়া এবং না হওয়ার ঘটনার সম্ভাবনার সমষ্টি কত? ব্যাখ্যা কর। ২
- গ. ছক্কাই প্রাপ্ত সংখ্যা দুটির গুণফল 12 হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. তুমি কি হামিদের বন্ধুর মন্তব্যের সাথে একমত? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪
- ২ ▶ মি. করিম তাঁর কলেজের শিক্ষার্থীদের মধ্যে পাঠ্যবইয়ের বাইরে অন্যান্য বই পড়ে কি-না তার উপর একটি জরিপ করলেন। তিনি দেখলেন যে, ৮০% শিক্ষার্থী উপন্যাস, ৭০% শিক্ষার্থী বৈজ্ঞানিক কল্পকাহিনী এবং ৫২% শিক্ষার্থী উভয় ধরনের বই পড়ে।
- ক. ঘটনা কী? ১
- খ. মুদ্রা নিক্ষেপ পরীক্ষা একটি দৈব পরীক্ষা কি-না? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের আলোকে যেকোনো এক ধরনের বই পড়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে উপন্যাস এবং বৈজ্ঞানিক কল্পকাহিনী পড়ার ঘটনা দুটি স্বাধীন কি-না সম্ভাবনা নির্ণয়পূর্বক মন্তব্য কর। ৪
- ৩ ▶ 'A' ও 'B' দুটি গাড়ির শোরুম। বিগত এক বছরের দৈনিক গাড়ি বিক্রয়ের তথ্য বিশ্লেষণ করে নিম্নরূপ সম্ভাবনা বিন্যাস পাওয়া গেল :
- | দৈনিক বিক্রয়ের সংখ্যা           | 0    | 1    | 2   | 3    | 4    |
|----------------------------------|------|------|-----|------|------|
| শো-রুম 'A' এর বিক্রয়ের সম্ভাবনা | 0.05 | 0.25 | 0.3 | 0.35 | 0.05 |
| শো-রুম 'B' এর বিক্রয়ের সম্ভাবনা | 0.05 | 0.2  | 0.2 | 0.35 | 0.2  |
- ক. গাণিতিক প্রত্যাশার সংজ্ঞা দাও। ১
- খ.  $E(x^2)$  এর মান ঋণাত্মক হতে পারে কি? ব্যাখ্যা কর। ২
- গ. শো-রুম 'A' এর ক্ষেত্রে একদিনে কমপক্ষে দুইটি গাড়ি বিক্রয় হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে, ক্রেতাদের কাছে কোন শো-রুম বেশি জনপ্রিয়? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪
- ৪ ▶ ধানমন্ডি এলাকায় চারটি পরিবারের ব্যক্তিগত গাড়ির সংখ্যা যথাক্রমে {1, 2, 4, 5} টি। সেখান থেকে দুটি গাড়ি নমুনা হিসেবে দৈবভাবে নেওয়া হলো। মিস তামান্না মন্তব্য করে যে, সম্ভাব্য নমুনা গড়গুলোর গড় সমগ্রক গড়ের সমান।
- ক. গুণমার জরিপ বলতে কী বোঝায়? ১
- খ. নমুনায়ন ত্রুটি সম্পূর্ণরূপে বিলুপ্ত করা যায় কি? ব্যাখ্যা কর। ২
- গ. সমগ্রকের ভেদাঙ্ক নির্ণয় কর। ৩
- ঘ. তুমি কি মিস তামান্নার মন্তব্যের সাথে একমত? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

- ৫ ▶ দৃশ্যকল্প ১ : ইকোনো কোম্পানির উৎপাদিত ত্রুটিপূর্ণ কলমের সংখ্যা দ্বিপদী বিন্যাস মেনে চলে যার গড় 1.5 এবং ভেদাঙ্ক 1.125।
- দৃশ্যকল্প ২ : সান কোম্পানির উৎপাদিত বাব্বের 20% গড়ে ত্রুটিপূর্ণ। কোম্পানিটি প্রতি প্যাকেটে 10টি করে বাব্ব সরবরাহ করে। মি. আরশাদ উক্ত কোম্পানি হতে 1000 প্যাকেট বাব্ব ক্রয় করলেন। তাঁর বন্ধু মন্তব্য করলেন যে, ক্রয়কৃত প্যাকেটগুলোর মধ্যে অর্ধেক প্যাকেটে দুটি করে ত্রুটিপূর্ণ বাব্ব আছে।
- ক. বার্নোলি ট্রায়াল বলতে কী বোঝ? ১
- খ. একটি দ্বিপদী বিন্যাসের গড় 4 এবং ভেদাঙ্ক 6 সম্ভব কি? ব্যাখ্যা কর। ২
- গ. ইকোনো কোম্পানির উৎপাদিত ত্রুটিপূর্ণ কলমের সংখ্যার সম্ভাবনা অপেক্ষক নির্ণয় কর। ৩
- ঘ. মি. আরশাদ এর বন্ধুর মন্তব্য সঠিক কি-না? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪
- ৬ ▶ কোনো একটি দোকানে প্রতি মিনিটে আগত ক্রেতার সংখ্যা পৈসু বিন্যাস মেনে চলে যার গড় 3।
- ক. আদর্শ পরিমিত চলকের ভেদাঙ্ক কত? ১
- খ. দ্বিপদী বিন্যাস কখনও পরিমিত বিন্যাসে পরিণত হতে পারে কি? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের আলোকে  $P(x \geq 1)$  নির্ণয় কর, যেখানে  $x =$  ক্রেতার সংখ্যা। ৩
- ঘ.  $P(x = 2)$  ও  $P(x = 3)$  নির্ণয়পূর্বক উক্ত সম্ভাবনাদ্বয়ের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা দাও। ৪
- ৭ ▶ মি. রহিম কতকগুলো দ্রব্যের 2013 ও 2015 সালের দাম ও পরিমাণের তথ্য সংগ্রহ করল যা নিম্নরূপ :
- | দ্রব্য | 2013              |               | 2015              |               |
|--------|-------------------|---------------|-------------------|---------------|
|        | মূল্য (টাকা/কেজি) | পরিমাণ (কেজি) | মূল্য (টাকা/কেজি) | পরিমাণ (কেজি) |
| চাল    | 45                | 30            | 50                | 40            |
| ডাল    | 105               | 5             | 110               | 8             |
| তেল    | 85                | 2             | 80                | 5             |
- ক. আদর্শসূচক সংখ্যা কোনটি? ১
- খ. সূচক সংখ্যা এককমুক্ত কি-না? ব্যাখ্যা কর। ২
- গ. সরল সমষ্টি পদ্ধতিতে 2013 সালের সাপেক্ষে 2015 সালের মূল্যসূচক সংখ্যা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে ল্যাসপিয়ার্সের মূল্যসূচক সংখ্যা সময় উল্টানো পরীক্ষা মেনে চলে কি-না বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪
- ৮ ▶ মিস জেরিন দুটি জেলার জনসংখ্যার উপর তথ্য সংগ্রহ করলেন যা নিম্নরূপ :
- | জেলা      | মোট       |                | আয়তন (বর্গ কি.মি.) |
|-----------|-----------|----------------|---------------------|
|           | লোকসংখ্যা | পুরুষের সংখ্যা |                     |
| মানিকগঞ্জ | 1,40,800  | 70,000         | 1,90,000            |
| চট্টগ্রাম | 2,25,000  | 1,12,400       | 2,50,000            |
- ক. জীবপরিসংখ্যানের সংজ্ঞা দাও। ১
- খ. কোনো দেশের নির্ভরশীলতার অনুপাত 321% বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
- গ. চট্টগ্রাম জেলার লিঙ্গ অনুপাত নির্ণয় কর। ৩
- ঘ. জনসংখ্যার ঘনত্বের দৃষ্টিকোণ থেকে কোন জেলা বসবাসের জন্য বেশি উপযোগী? মন্তব্য কর। ৪



## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

ভৈরব

৯ ✓ সকল বোর্ড ২০২২

সেট : ঘ

পরিসংখ্যান দ্বিতীয় পত্র ❖ বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : 1310

সময় : ২০ মিনিট

পূর্ণমান : ১৫

বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো ১৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

১. পैसे বিনিয়োগের পরিমিত ব্যবধান ৪ হলে এর গড় কত?
- ক)  $\frac{1}{2}$  খ) 2  
গ) 4 ঘ) 16
২. পैसे বিনিয়োগের ক্ষেত্রে কোনটি সঠিক?
- ক) ঋণাত্মক বন্ধিম খ) অতি সূঁচাল  
গ) অনতি সূঁচাল ঘ) মধ্যম সূঁচাল
৩. কোন বিনিয়োগের গড় উহার পরামিতির সমান?
- ক) পরিমিত বিনিয়োগ খ) বার্গোলী বিনিয়োগ  
গ) দ্বিপদী বিনিয়োগ ঘ) পैसे বিনিয়োগ
৪. ছক্কায় যে কোনো সংখ্যা পাওয়ার ঘটনা—
- ক) সরল ঘটনা খ) যৌগিক ঘটনা  
গ) অসম্ভব ঘটনা ঘ) নিশ্চিত ঘটনা
৫. নিম্নের কোন ক্ষেত্রে জনসংখ্যা অপরিবর্তিত থাকবে?
- ক)  $GRR = 1$  খ)  $NRR = 1$   
গ)  $GRR < 1$  ঘ)  $GRR = NRR$
৬. সম্ভাব্য ধারণে সক্ষম মহিলাদের বয়সের সীমাস্থ মান কত?
- ক) 20 হতে 49 খ) 15 হতে 49  
গ) 19 হতে 49 ঘ) 18 হতে 49
৭. কোনো দেশের  $CBR = 17.95$  এবং  $CDR = 4.85$  হলে ঐ দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার কত?
- ক) 1.28 খ) 1.31  
গ) 1.35 ঘ) 1.45
৮. পরীক্ষণের ক্ষুদ্রতম একককে কী বলে?
- ক) চেষ্টা খ) দৈব পরীক্ষা  
গ) ঘটনা ঘ) নমুনাক্ষেত্র
৯. দুটি মুদ্রা একত্রে একবার নিষ্ক্ষেপ করা হলে দুটি লেজ পাওয়ার সম্ভাবনা কত?
- ক)  $\frac{1}{4}$  খ)  $\frac{1}{2}$   
গ)  $\frac{3}{4}$  ঘ) 1
১০.  $0 < P(A) < 1$  হলে A ঘটনাটি কোন ধরনের ঘটনা হবে?
- ক) নিশ্চিত ঘটনা খ) অনিশ্চিত ঘটনা  
গ) অসম্ভব ঘটনা ঘ) পরিপূরক ঘটনা
১১. দুটি ঘটনা A ও B বর্জনশীল হলে—
- i.  $P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$   
ii.  $P(A \cup B) = P(A) + P(B)$   
iii.  $P(A \cap B) = 0$
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii
- নিচের উদ্দীপকের আলোকে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
- একটি ছক্কা একবার নিষ্ক্ষেপ পরীক্ষায় উপরে পিঠে মৌলিক সংখ্যা পাওয়ার ঘটনা A এবং 2 দ্বারা বিভাজ্য সংখ্যা পাওয়ার ঘটনা B।
১২.  $P(A \cup B)$ -এর মান কত?
- ক) 0.75 খ) 0.80  
গ) 0.83 ঘ) 0.86
১৩. A ও B ঘটনাদ্বয় কীরূপ?
- ক) বর্জনশীল খ) স্বাধীন  
গ) অবর্জনশীল ঘ) সম্পূর্ণ
১৪. নিচের কোনটি দৈব চলক?
- ক) আয় খ) মুদ্রায় হেডের সংখ্যা  
গ) বয়স ঘ) শিক্ষার্থীর সংখ্যা
১৫. কোনো দৈব চলকের মানগুলো হতে উহার গাণিতিক প্রত্যাশার বিয়োগফলের বর্গের প্রত্যাশিত মানকে কী বলে?
- ক) ভেদাঙ্ক খ) সহ ভেদাঙ্ক  
গ) গাণিতিক প্রত্যাশা ঘ) পরিঘাত
১৬. যদি  $y = 5x + 3$  হয়, তবে  $E(y)$ -এর মান কত?
- ক)  $5E(x)$  খ)  $25E(x)$   
গ)  $E(x) + 3$  ঘ)  $5E(x) + 3$
১৭. y একটি দৈব চলক এবং h একটি ধ্রুবক হলে—
- i.  $v(y - b) = v(y)$   
ii.  $v(y + b) = v(y)$   
iii.  $v(by) = bv(y)$
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii
১৮.  $V(x \pm y) = V(x) + V(y)$  হয় যখন চলকদ্বয়—
- ক) অবিচ্ছিন্ন খ) স্বাধীন  
গ) অধীন ঘ) বিচ্ছিন্ন
১৯.  $V(x) = 5$  হলে,  $V(3x + 5)$  এর মান কত?
- ক) 15 খ) 20  
গ) 45 ঘ) 50
২০. দ্বিপদী পরীক্ষার প্রতিটি চেষ্টায় কতটি ফলাফল পাওয়া যায়?
- ক) 1 খ) 2  
গ) 3 ঘ) 4
২১. দ্বিপদী বিনিয়োগের পরামিতি n ও p হলে পরিমিত ব্যবধান কত?
- ক) npq খ) np  
গ)  $\sqrt{npq}$  ঘ) pq
২২. কোন বিনিয়োগের গড় ভেদাঙ্ক অপেক্ষা বড়?
- ক) পैसे বিনিয়োগ খ) বার্গোলী বিনিয়োগ  
গ) পরিমিত বিনিয়োগ ঘ) দ্বিপদী বিনিয়োগ
২৩. দ্বিপদী বিনিয়োগ কখন অতি সূঁচাল হয়?
- ক)  $pq > 0.17$  খ)  $pq < 0.17$   
গ)  $pq = 0.17$  ঘ)  $pq > 0.20$
- নিচের তথ্যের আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :
- কোনো একটি দ্বিপদী বিনিয়োগের গড় 12 ও ভেদাঙ্ক 6।
২৪. বিনিয়োগটির চেষ্টার সংখ্যা কত?
- ক) 18 খ) 20  
গ) 24 ঘ) 28
২৫. দ্বিপদী বিনিয়োগটি—
- i. সুষম বিনিয়োগ  
ii. অতি সূঁচাল  
iii. অনতি সূঁচাল
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii  
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তরমালা	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
	ঘ	খ	ঘ	ঘ	ক	খ	খ	ক	ক	খ	গ	গ	গ
	খ	ক	ঘ	ক	খ	গ	খ	গ	ঘ	খ	গ	ক	

সেট-গ

১০ ✓ সকল বোর্ড ২০১৯

বিষয় কোড : 130

সময় : ২৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বুটসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

■ নিচের উদ্দীপকের আলোকে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :  
একটি নিরপেক্ষ মুদ্রা তিনবার নিক্ষেপ করা হলে উপরের পিঠে লেজ আসার সংখ্যাকে x চলক দ্বারা প্রকাশ করা হলো।

১.  $P(0 \leq x \leq 3)$  এর মান কত?  
ক) 0  
খ) 0.125  
গ) 0.375  
ঘ) 1

২. উদ্দীপকে উল্লিখিত চলকটি যে বিন্যাস মেনে চলে তার গণসংখ্যা রেখার আকৃতি কিরূপ?  
ক) অতি সূঁচাল  
খ) অনতি সূঁচাল  
গ) অপ্রতিসম  
ঘ) মধ্যম সূঁচাল

৩. কোনো শহরে প্রতি বছর আঅহত্যাকারীর সংখ্যা কোন বিন্যাসের উদাহরণ?  
ক) দ্বিপদী বিন্যাস  
খ) বার্মোন্সী বিন্যাস  
গ) পৈঁসু বিন্যাস  
ঘ) পরিমিত বিন্যাস

৪. পৈঁসু বিন্যাসের বন্ধিতাক্ষ কত?  
ক)  $\frac{1}{\sqrt{m}}$   
খ) m  
গ)  $3 + \frac{1}{m}$   
ঘ)  $\frac{1}{m}$

৫. পৈঁসু বিন্যাসের ক্ষেত্রে—  
i. ভেদাঙ্ক ও পরামিতির মান সমান  
ii. গড় ও ভেদাঙ্ক সমান  
iii. গড়, ভেদাঙ্ক অপেক্ষা বড়  
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii  
খ) ii ও iii  
গ) i ও iii  
ঘ) i, ii ও iii

৬. x-একটি পরিমিত চলক হলে, এর সীমাত্ম মান কত?  
ক)  $0 < x < \infty$   
খ)  $-1 < x < 1$   
গ)  $-\infty \leq x \leq \infty$   
ঘ)  $0 < x < 1$

৭. পরিমিত বিন্যাসের মধ্যমা = 4 হলে প্রচুরক কত?  
ক) 2  
খ) 4  
গ) 8  
ঘ) 16

৮. ফিশারের সূচক সংখ্যা—  
i. সময় পাল্টানো পরীক্ষায় উত্তীর্ণ হয়  
ii. উপাদান পাল্টানো পরীক্ষায় উত্তীর্ণ হয়  
iii. আদর্শ সূচকসংখ্যা  
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii  
খ) ii ও iii  
গ) i ও iii  
ঘ) i, ii ও iii

৯. কোনো একটি পণ্যের মূল্য 2012 সালের তুলনায় 2014 সালে 25 টাকা বৃদ্ধি পেলে মূল্য সূচকসংখ্যা কত হবে?  
ক) 75  
খ) 120  
গ) 125  
ঘ) 130

■ নিচের তথ্যের আলোকে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :  
{3, 5, 6, 8, 10} সমগ্রকটি হতে 2 আকারের পুনঃস্থাপন না করে সম্ভাব্য নমুনা চয়ন করা হলো।

১০. প্রদত্ত সমগ্রক হতে পুনঃস্থাপন না করে 2 আকারের কতগুলি নমুনা পাওয়া যায়?  
ক) 5  
খ) 10  
গ) 15  
ঘ) 20

১১. নির্বাচিত সম্ভাব্য নমুনাগুলোর মধ্যে প্রতিটি নমুনা নির্বাচিত হওয়ার সম্ভাবনা কত?  
ক) 0.05  
খ) 0.10  
গ) 0.25  
ঘ) 0.50

১২. নিম্নের কোন ক্ষেত্রে জনসংখ্যার কোনো পরিবর্তন হবে না?  
ক)  $GRR = NRR$   
খ)  $GRR = 1$   
গ)  $NRR > 1$   
ঘ)  $NRR < 1$

১৩. দুই বা ততোধিক সরল ঘটনার সংযোগে যে ঘটনা পাওয়া যায়, তাকে কী বলে?  
ক) নিশ্চিত ঘটনা  
খ) অসম্ভব ঘটনা  
গ) সরল ঘটনা  
ঘ) যৌগিক ঘটনা

১৪. দুইটি নিরপেক্ষ মুদ্রা একত্রে একবার নিক্ষেপ করা হলে বিপরীত পিঠ পড়ার ঘটনাটি কোন ধরনের ঘটনা?  
ক) অনিশ্চিত ঘটনা  
খ) অসম্ভব ঘটনা  
গ) নিশ্চিত ঘটনা  
ঘ) সরল ঘটনা

১৫. দুটি ঘটনা A ও B স্বাধীন হলে—  
i.  $(A \cap B) = \emptyset$   
ii.  $P(A) \cdot P(B) = P(A \cap B)$   
iii.  $P(A \cap B) \neq P(A) \cdot P(B)$   
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii  
খ) ii ও iii  
গ) i ও iii  
ঘ) i, ii ও iii

■ নিচের তথ্যের আলোকে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :  
দৈনিক যুগান্তর পত্রিকা পড়ার ঘটনা A এবং ইত্তেফাক পত্রিকা পড়ার ঘটনা B-এর ক্ষেত্রে

$P(A) = \frac{1}{3}$ ;  $P(B) = \frac{1}{2}$  এবং  $P(A \cap B) = \frac{1}{4}$ .

১৬.  $P(A \cup B)$ -এর মান কত?  
ক)  $\frac{5}{6}$   
খ)  $\frac{7}{12}$   
গ)  $\frac{1}{12}$   
ঘ)  $\frac{1}{4}$

১৭. B ঘটনা ঘটবে না এই শর্তে A ঘটনা ঘটার সম্ভাবনা কত?  
ক)  $\frac{1}{12}$   
খ)  $\frac{1}{2}$   
গ)  $\frac{1}{4}$   
ঘ)  $\frac{1}{6}$

১৮. কোনো বিচ্ছিন্ন দৈব চলকের সম্ভাব্য যে কোনো মানের সম্ভাবনা যে গাণিতিক সূত্রের সাহায্যে নির্ণয় করা হয়, তাকে কী বলে?  
ক) সম্ভাবনা অপেক্ষক  
খ) সম্ভাবনা বিন্যাস  
গ) বিন্যাস অপেক্ষক  
ঘ) সম্ভাবনা ঘনত্ব অপেক্ষক

১৯. একটি দৈব চলক y-এর সম্ভাবনা ঘনত্ব অপেক্ষক,  $f(y) = ky^2$ ;  $0 \leq y \leq 2$  হলে k এর মান কত?  
ক)  $\frac{1}{16}$   
খ)  $\frac{3}{8}$   
গ)  $\frac{1}{8}$   
ঘ)  $\frac{3}{4}$

২০. দুটি দৈব চলকের সহভেদাঙ্কের মান শূন্য হয় যখন চলকদ্বয়—  
ক) অবিচ্ছিন্ন হয়  
খ) অধীন হয়  
গ) স্বাধীন হয়  
ঘ) বিচ্ছিন্ন হয়

২১. z-একটি দৈব চলক এবং a একটি ধ্রুবক হলে—  
i.  $V(az) = aV(z)$   
ii.  $V(az) = a^2V(z)$   
iii.  $E(az) = aE(z)$   
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii  
খ) ii ও iii  
গ) i ও iii  
ঘ) i, ii ও iii

২২. নিচের কোনটি সম্ভাবনা অপেক্ষকের বৈশিষ্ট্য?  
ক)  $-1 \leq P(x) \leq 1$   
খ)  $0 \leq P(x) \leq 1$   
গ)  $P(x) \geq 1$   
ঘ)  $0 \leq P(x) \leq \infty$

২৩. দুটি অধীন দৈব চলকের ক্ষেত্রে  $V(x) = 8$ ,  $V(y) = 6$  এবং  $Cov(x, y) = 4$  হলে,  $V(x + y)$  এর মান কত?  
ক) 14  
খ) 16  
গ) 18  
ঘ) 22

২৪. দ্বিপদী বিন্যাসের দ্বিতীয় কেন্দ্রীয় পরিঘাতের মান কত?  
ক) npq  
খ) np  
গ)  $\sqrt{npq}$   
ঘ) pq

২৫. দ্বিপদী বিন্যাসের ক্ষেত্রে—  
i.  $p = q$   
ii.  $p > q$   
iii.  $p < q$   
নিচের কোনটি সঠিক?  
ক) i ও ii  
খ) ii ও iii  
গ) i ও iii  
ঘ) i, ii ও iii

উত্তরমালা	১	ঘ	২	খ	৩	গ	৪	ক	৫	ক	৬	গ	৭	খ	৮	ঘ	৯	গ	১০	খ	১১	খ	১২	খ	১৩	ঘ
	১৪	ক	১৫	ক	১৬	খ	১৭	ঘ	১৮	ক	১৯	খ	২০	গ	২১	খ	২২	খ	২৩	ঘ	২৪	ক	২৫	ঘ		



সেট-গ

১১ সফল বোর্ড ২০১৮

বিষয় কোড : 130

সময় : ২৫ মিনিট

পরিসংখ্যান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বুটসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

১. কতগুলো নির্দিষ্ট শর্তের অধীনে কোনো কাজের পুনরাবৃত্তিকে কী বলে?

- ক) নমুনাবিন্দু      খ) পরীক্ষণ  
গ) দৈব পরীক্ষা      ঘ) চেষ্টা

২. একটি নিরপেক্ষ মুদ্রা একবার নিক্ষেপ করা হলো। মুদ্রার উপরের পিঠে মাথা বা লেজ আসবে এটি কী ধরনের ঘটনা?

- ক) বর্জনশীল ঘটনা      খ) অনিশ্চিত ঘটনা  
গ) সম-সম্ভাব্য ঘটনা      ঘ) অবর্জনশীল ঘটনা

৩. দুটি নিরপেক্ষ ছক্কা নিক্ষেপ পরীক্ষায় উভয় ছক্কাই একই সংখ্যা পাওয়ার সম্ভাবনা কত?

- ক)  $\frac{1}{36}$       খ)  $\frac{2}{36}$   
গ)  $\frac{6}{36}$       ঘ)  $\frac{13}{36}$

নিচের তথ্যের আলোকে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :

পরিসংখ্যান ক্লাসের একটি নিরপেক্ষ ছক্কা ও একটি মুদ্রা একত্রে নিক্ষেপ করলেন। তিনি প্রাপ্ত ফলাফলগুলো বোর্ডে নিম্নরূপে লিখলেন:

H1 H2 H3 H4 H5 H6  
T1 T2 T3 T4 T5 T6

৪. ছক্কায় ২ দ্বারা বিভাজ্য সংখ্যা পাবার সম্ভাবনা কত?

- ক)  $\frac{2}{12}$       খ)  $\frac{3}{12}$   
গ)  $\frac{6}{12}$       ঘ) 0

৫. ছক্কায় জোড় সংখ্যা এবং মুদ্রায় হেড পাবার ঘটনা দুটি কী ধরনের ঘটনা?

- ক) স্বাধীন ও বর্জনশীল  
খ) স্বাধীন ও অবর্জনশীল  
গ) অধীন ও বর্জনশীল  
ঘ) অধীন ও অবর্জনশীল

৬. ক্লাসে তুর্ষ একটি নিরপেক্ষ মুদ্রা ২০ বার নিক্ষেপ করল। মুদ্রার উপরের পিঠে লেজের সংখ্যা নির্দেশকারী চলক কোনটি?

- ক) গুণবাচক চলক      খ) পৈঁসু চলক  
গ) দ্বিপদী চলক      ঘ) পরিমিত চলক

নিচের তথ্যের আলোকে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :

একটি দ্বিপদী চলক  $x$  এর পরামিতিদ্বয় যথাক্রমে  $n = 4$ ,  $p = 0.3$  পাওয়া গেল।

৭. দ্বিপদী চলকের গড় কত?

